

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৮ (ভোকেশনাল-৩)
এফ-৪/বি, আগারগাঁও ঢাকা।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

ওয়েব সাইট: www.techedu.gov.bd.

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০২৮.২৭.০০৭.১৮-৬৬৫

তারিখঃ ২৯/০৭/২০১৯খ্রিঃ

অফিস আদেশ

এই দপ্তর স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৫০৮.১৮-৩৪৪ তারিখ-২৭/০৫/২০১৯খ্রিঃ মোতাবেক খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজের ট্রাফট ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) জনাব মোঃ আব্দুর রহমান সরকার এর বিরুদ্ধে গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাইবান্ধা-য় কর্মরত থাকাকালীন ছাত্রদের সাথে অনৈতিক কার্যকলাপ (সমকামিতা) বিষয়ে সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মোকদ্দমা রুজু করা হয়। বিভাগীয় মোকদ্দমার ধারাবাহিক প্রক্রিয়ার অংশ হিসাবে গত ০৪/০৪/২০১৯খ্রিঃ তারিখের আদেশ অনুযায়ী নিম্নস্বাক্ষরকারীকে তদন্ত কর্মকর্তা মনোনয়ন প্রদান করা হয়েছে।

২। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তকরণের লক্ষ্যে নিম্নস্বাক্ষরকারী আগামী ০৩/০৮/২০১৯খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাইবান্ধা-য় উপস্থিত থেকে তদন্ত কার্য সম্পাদন করবেন। সেলক্ষ্যে নিম্নস্বাক্ষরকারী আগামী ০২/০৮/২০১৯খ্রিঃ তারিখ অপরাহ্নে কর্মস্থল ত্যাগ করবেন।

৩। উক্ত তদন্ত কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজের তদন্ত সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় স্বাক্ষ্য প্রমাণসহ যথাসময়ে গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাইবান্ধা-য় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/ =

(মোঃ জহুরুল ইসলাম)

সহকারী পরিচালক-৮

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০২৮.২৭.০০৭.১৮-৬৬৫(০৮)

তারিখঃ ২৯/০৭/২০১৯খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। পরিচালক (ভোকেশনাল/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। অধ্যক্ষ, খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজ, খাগড়াছড়ি।
(জনাব মোঃ আব্দুর রহমান সরকার, ট্রাফট ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল)-কে প্রয়োজনীয় স্বাক্ষ্য প্রমাণসহ যথাসময়ে গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাইবান্ধা-য় উপস্থিত থাকার অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হল।)
- ৩। অধ্যক্ষ, গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাইবান্ধা।
(প্রতিষ্ঠানের তদন্ত কমিটির সদস্যসহ সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে প্রতিষ্ঠানে উপস্থিত থাকা নিশ্চিত করণের জন্য অনুরোধ করা হল।)
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৫। জনাব মোঃ আব্দুর রহমান সরকার, ট্রাফট ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজ, খাগড়াছড়ি।
(প্রয়োজনীয় স্বাক্ষ্য প্রমাণসহ যথাসময়ে গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাইবান্ধা-য় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।)
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে ই-মেইল করার অনুরোধসহ)।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সংরক্ষণ নথি।



(মোঃ জহুরুল ইসলাম)

সহকারী পরিচালক-৮

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।